

বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড

প্রধান কার্যালয় : দুগ্ধ ভবন

১৩৯-১৪০, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

স্মারক নং-মিই/প্রশা/কবান-৩০৩/ডিপি-৪১/২০১৮/৪০১৬

তারিখ : ১৬ ফাল্গুন, ১৪২৫
০২ মার্চ, ২০১৯

আদেশপত্র

যেহেতু আপনি জনাব মোঃ নুরুল ইসলাম, কর্মকর্তা নং-৩০৩, সিনিয়র অফিসার (বিপণন), ডিডিপি (বর্তমানে সাময়িক বরখাস্ত এবং প্রশাসন ও মানব সম্পদ বিভাগে সংযুক্ত) গাজীপুর সমিতির নিয়ন্ত্রনকারী কর্মকর্তার দায়িত্বে থাকাকালীন বিগত জুলাই, ২০১৩ থেকে নভেম্বর, ২০১৭ তারিখ পর্যন্ত বিভিন্ন সময়ে অসং উদ্দেশ্যে অবৈধভাবে নিজে লাভবান হওয়ার জন্য প্রতারণা ও জালিয়াতির আশ্রয় গ্রহণ করে দুগ্ধ ও দুগ্ধজাত পণ্যের বিক্রয়লব্ধ টাকা মিল্ক ইউনিয়নের নির্ধারিত ব্যাংক হিসাবে জমা প্রদান নিশ্চিত না করে আত্মসাত করেছেন। এছাড়া গাজীপুর সমিতি থেকে উর্দ্ধতন কর্মকর্তাকে ঘুষ প্রদানের নিমিত্ত নগদ ২লক্ষ টাকা নিয়েছিলেন, যা উর্দ্ধতন কর্মকর্তাকে প্রদান অথবা গাজীপুর সমিতিকে ফেরত প্রদান না করে আত্মসাত করেছেন, উপরোক্ত কার্যাদি গুরুতর অপরাধ ও চাকুরী শৃংখলা পরিপন্থী।

২। যেহেতু আপনি মিল্ক ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা-২০০৮ (সংশোধিত-২০০৯) এর ২.০৪ (ক) ও (খ) এবং ৮.০১ (১) (ঙ) বিধি অনুযায়ী অসদাচরণ করেছেন।

৩। যেহেতু স্মারক নং-মিই/প্রশা/কবান-৩০৩/ডিপি-৪১/২০১৮/২৭৩; তারিখ: ১৩/০২/২০১৮ খ্রি: পত্রমূলে প্রেরিত অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব এবং ব্যক্তিগত শুনানী কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত হয়নি।

৪। যেহেতু স্মারক নং-মিই/প্রশা/কবান-৩০৩/ডিপি-৪১/২০১৮/৭৭২; তারিখ: ০৩/০৪/২০১৮ খ্রি: মূলে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত হয়েছে।

৫। সেহেতু আপনাকে মিল্ক ইউনিয়নের চাকুরী বিধি ও নিয়োগ নীতিমালা-২০০৮ (সংশোধিত-২০০৯) এর ২.০৪ (ক) ও (খ) এবং ৮.০১ (১) (ঙ) বিধি অনুযায়ী বর্ণিত অপরাধে অভিযুক্ত করে একই বিধিমালার ৮.০২ (১) (খ) (২) বিধি অনুযায়ী এবং মিল্ক ইউনিয়নের ব্যবস্থাপনা কমিটির গত ২৪/১২/২০১৮ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক গুরুত্ব হিসেবে চাকুরী হতে বরখাস্ত (Dismissal From Service) করা হল। এ আদেশ ০২/০৩/২০১৯ খ্রি: তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে।

৬। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এই আদেশ জারী করা হল।

প্রাপক :

জনাব মোঃ নুরুল ইসলাম
কর্মকর্তা নং-৩০৩
সিনিয়র অফিসার (সাময়িক বরখাস্ত)
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ, প্রধান কার্যালয়।

বর্তমান ঠিকানা :


বাসা: ২২, রোড: ২৩, রূপনগর আ/এ, মিরপুর, ঢাকা-১২১৬।

স্থায়ী ঠিকানা :

জনাব মোঃ নুরুল ইসলাম
পিতা: মোঃ ছায়ফুল ইসলাম
গ্রাম: জামা, ডাকঘর: জামা
থানা: সাটুরিয়া, জেলা: মানিকগঞ্জ।

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) -

১. মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও সমিতি/পরি:, কারি: ও বিপণন)
২. অতিরিক্ত মহাব্যবস্থাপক (সকল)
৩. উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল)
৪. চেয়ারম্যান, মিল্ক ইউনিয়ন এর ব্যক্তিগত কর্মকর্তা
৫. ব্যবস্থাপনা পরিচালক, মিল্ক ইউনিয়ন এর ব্যক্তিগত কর্মকর্তা
৬. নোটিশ বোর্ড
৭. ব্যক্তিগত নথি
৮. অফিস নথি।


(মোঃ শামছুল আলম)
(উপ-সচিব)
মহাব্যবস্থাপক (প্রশাসন, অর্থ ও সমিতি)
মিল্ক ইউনিয়ন।